

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নথি নং-০৫(১৩)২৭৬/বন্ড-ইউপি/পলিসি/২০০১/১০৪০৬(১)

তারিখ ০৩.০৬.২০০২ইং

বিষয়: প্রচলিত রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ইউপি আবেদনের সাথে ইউডি কপি দাখিল প্রসঙ্গে।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডে সদস্য (শুল্ক) মহোদয়ের কক্ষে গত ৩০.০৮.২০০২ইং তারিখে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত অনুযায়ী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নথি নং-২(১)শুল্ক রপ্তানি ও বন্ড/৯৭ তারিখ ০১.১১.২০০০ইং এর মাধ্যমে জারীকৃত আদেশের অনুচ্ছেদ ১৮ অনুযায়ী জানানো যাচ্ছে যে, কোন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান ইউপি'র জন্য আবেদনকালে ফ্রেতার অনুকূলে ইস্যুকৃত ইউডি/ইউপি'র অনুলিপি দাখিল করবে। কোন সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কোন প্রচলিত রপ্তানিকারকের কাছ থেকে কাঁচামাল সরবরাহকারী অর্থাৎ প্রচলিত রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যু করতে হবে। এক্ষেত্রে ইউপি/ইউডি তে ইত্যাদি পণ্যের বর্ণনা, পরিমাণ মূল্য প্রচলিত রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের/সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম ইত্যাদি তথ্য উল্লেখ করতে হবে। এক্ষেত্রে মূল ইউডিতে ইঙ্গিত আনুষঙ্গিক দ্রব্যের পরিমাণ ও নাম উল্লেখ থাকতে হবে। পরবর্তীতে সংশোধিত ইউডি -তে মূল ইউডি ক্রমিক নং ও তারিখ, মাস্টার খণপত্র নং ও মূল্য জাহাজীকরণের তারিখ সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম ইম্পিত পণ্যের বর্ণনা (সাইজসহ) পরিমাণ ও মূল্য উল্লেখ থাকতে হবে। প্রতিক্ষেত্রে ইউডি'র একটি কপি আনুষঙ্গিক দ্রব্যাদি সরবরাহকারীর প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যু করতে হবে। প্রচলিত রপ্তানিকারক ইউপি আবেদনের সাথে তার অনুকূলে মূল কপিটিও দাখিল করবেন অন্যথায় ইউপি ইস্যু করা হবে না।

স্বাক্ষরিত/-
(হাসিনা খাতুন)
কমিশনার